গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.০৮.০০২.১৯-১৫৮২

তারিখ: ০২ কার্তিক ১৪৩০
১৮ অক্টোবর ২০২৩

**বিষয়: ঝিনাইদহ পৌরসভার অধিক্ষেত্রে বাংলাদেশ শিশু একাডেমীর উপর বাৎসরিক পৌরকর পরিশোধ সংক্রান্ত।**

সূত্র : ১. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর পত্র নং-৩২.০০.০০০০.০৪১.১৯.০০৩.১৯.২০১; তারিখ: ১৩ সেপ্টেম্বর ২০২৩ খ্রি:।
২. ঝিনাইদহ পৌরসভার স্মারক নং-ঝি পৌ:/প্রশা/২০২৩/৩৩৪; তারিখ: ০৯ অক্টোবর ২০২৩ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ পৌরসভা কর্তৃক পৌরসভা আদর্শ কর তফসিল, ২০১৪ এবং পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩ অনুসরণ করা হয়েছে (কপি সংযুক্ত)। ঝিনাইদহ পৌরসভা হতে উল্লেখ করা হয়েছে, বাংলাদেশ শিশু একাডেমী, ঝিনাইদহ এর বাকেয়া পৌরকরের পরিমাণ মোট ৬৩,৯৮,৫১২.০০ টাকা (তেষট্টি লক্ষ আটানব্বই হাজার পাঁচশত বার টাকা)। ধার্যকৃত পৌরকরের পূর্ণাঙ্গ তথ্য এসাথে সংযুক্ত করা হলো। পৌরসভার কর্মচারীদের বেতন ভাতা পরিশোধের লক্ষ্যে উক্ত বকেয়া অর্থ জরুরি ভিত্তিতে পরিশোধ করা জরুরি প্রয়োজন।

২। এমতাবস্থায়, পৌরসভা আদর্শ কর তফসিল, ২০১৪ এবং পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩ অনুযায়ী জেলা শিশু একাডেমী, ঝিনাইদহ এর অনুকূলে ধার্যকৃত বকেয়া পৌরকর বাবদ ৬৩,৯৮,৫১২.০০ টাকা (তেষট্টি লক্ষ আটানব্বই হাজার পাঁচশত বার টাকা) জরুরি ভিত্তিতে ঝিনাইদহ পৌরসভার অনুকূলে পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১৮/১০/২০২৩

মোঃ আব্দুর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura1@lgd.gov.bd

সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মেয়র, ঝিনাইদহ পৌরসভা, ঝিনাইদহ
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)